দৈনিক সংবাদ

131

তারিখ 0 5 MAY 1987
পৃষ্ঠা ৪ কলাম ৪
২১শে বৈশাখ, ১৩৯৪ সন

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

# চিঠিপত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নন )

## কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয় করা হোক

ইংরেজ আমলের অবিভক্ত বাংলাদেশের এক সুমহান ঐতিহ্যের অধিকারী শিক্ষা প্রতিষ্ঠান কারমাইকেল কলেজ। উত্তর বঙ্গে উচচ শিক্ষার যেসব প্রতিষ্ঠান অসামান্য খ্যাতির অধিকারী সেগুলোর মধ্যে কারমাইকেল কলেজ অন্যতম। ১৯১৬ সালে স্থাপিত হওয়ার পর থেকে সুদীর্ঘ সত্তর বছরেরও বেশি সময় ধরে এই শিক্ষা প্রতিষ্ঠানটি উচ্চশিক্ষাদান কাজে নিয়োজিত। এই ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে পরিণত করার জন্য বৃহত্তর রংপুর জেলাবাসী দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আসছে। বিভিন্ন প্রতিষ্ঠানও এই দাবীতে সোচ্চার। পাকিস্তান আমলেও কারমাইকেল কলেজকে একটি বিশ্ববিদ্যালয়ে পরিণত করার একটি জনপ্রিয় দাবী ছিল।

বৃহত্তর দিনাজপুর, বগুড়া ও রংপুর জেলার মেধাবী ছাত্র-ছাত্রীদের স্নাতকোত্তর উচচশিক্ষা গ্রহণের অন্যতম প্রধান অন্তরায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দূরবর্তী স্থানে অবস্থান। শুধু দূরত্ব নয়, প্রধানত অর্থনৈতিক কারণে উল্লেখিত জেলাসমূহের অধিকাংশ অভিভাবকের পক্ষে তাদের ছেলেমেয়েদের রাজশাহীতে রেখে পড়ালেখার ব্যয়ভার বহন করা ও সেই বিশ্ববিদ্যালয়ে শিক্ষা অর্জন করানো সম্ভবপর হয় না। এতে মেধার বিপুল অপচয় হয়। কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করার অন্যতম প্রধান যুক্তি-এই কলেজটি বৃহত্তর দিনাজপুর, বগুড়া ও রংপুর জেলার কেন্দ্রস্থলে অবস্থিত। বৃহত্তর দিনাজপুর, বগুড়ার জেলাগুলোর সংগে রংপুরের সড়ক ও রেল যোগাযোগ ভাল। উপরন্তু কারমাইকেল কলেজের প্রাকৃতিক অবস্থান বিশ্ববিদ্যালয়ে পরিণত করার অনুকূল। রংপুর শহরের কোলাহলময় পরিবেশ থেকে তিন মাইল দূরে গ্রামীণ পরিবেশে কারমাইকেল কলেজ অবস্থিত। একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ছাত্রাবাস, শিক্ষা ভবন ও প্রশাসনিক ভবনসহ অন্যান্য ভবন নির্মাণে যে জমি প্রয়োজন তা কারমাইকেল কলেজের আছে। কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হলে বৃহত্তর দিনাজপুর, বগুড়া ও রংপুর জেলার অধিবাসীদের পক্ষে তাদের মেধাবী ছেলেমেয়েদের উচ্চশিক্ষা দানের পথ সুগম হবে তেমনি উত্তরবঙ্গের এক বিপুল জনগোষ্ঠী দীর্ঘদিনের একটি ন্যায়সংগত দাবীও পূরণ করা হবে।

কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করার দাবীতে দলমতনির্বিশেষে সকল সংসদ সদস্য, সকল রাজনৈতিক দল ও সামাজিক প্রতিষ্ঠান, বুদ্ধিজীবী ও শিক্ষানুরাগী শুভবুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের সোচ্চার হওয়ার জন্য এবং ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণে কারমাইকেল কলেজ প্রাক্তন ছাত্র-সমিতির সাথে হাতে হাত মিলিয়ে কাজ করার জন্য উদাত্ত আহ্বান জানাই।

এ, এ ফয়জুল কবির,
সাধারণ সম্পাদক,
কারমাইকেল কলেজ প্রাক্তন ছাত্র সমিতি।